



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/বিঅ/২০১৭/৪১৯৭

তারিখঃ ১৯ অক্টোবর, ২০১৭ খ্রিঃ  
৩১ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিম ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৬.৫৪৪ তারিখঃ ২২.০৬.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্ত সমূহ পূরণ সাপেক্ষে পটুয়াখালী জেলা প্রশাসন স্কুল ও কলেজে ০১/০১/২০১৭ ইং তারিখ হতে ৩১/১২/২০১৮ ইং তারিখ পর্যন্ত মোট (০২) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদান করা হলো। প্রকাশ থাকে যে, নিম্ন আরোপিত শর্তসমূহ পূরণ পূর্বক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে পাঠদানের নবায়নের প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী পাঠদানের নবায়নের বিষয় বিবেচিত হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষ এ আদেশ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আরোপিত শর্তসমূহঃ

- ০১। নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ০২। প্রবিধানমালা-২০০৯ এর ৪৯ ধারা মোতাবেক বিদ্যালয়টি পরিচালিত হবে এবং পত্র প্রাপ্তির পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উক্ত ধারা মোতাবেক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন করে নিতে হবে।
- ০৩। বিধিমোতাবেক শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করতে হবে।
- ০৪। নিয়োগকৃত সকল শিক্ষক ও কর্মচারীদের তালিকা বোর্ডে প্রেরণ করতে হবে।
- ০৫। বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে।
- ০৬। শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে হবে।
- ০৭। বিদ্যালয়ের সকল কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করতে হবে।
- ০৮। বিদ্যালয়ের লাইব্রেরীতে বইয়ের সংখ্যা কাম্য সংখ্যাকে উন্নীত করতে হবে।
- ০৯। ব্যবহারিক বিষয় সমূহের নিয়মিত ব্যবহারিক ক্লাশ নিতে হবে।
- ১০। পর্যায়ক্রমে সকল শিক্ষকদের কম্পিউটার শিক্ষা বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১১। নিয়মিত মাল্টিমিডিয়া মাধ্যমে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ১২। কর্তৃপক্ষের আদেশ মেনে চলতে হবে।

০৩.০৭.১৭  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল।

barisalboard@gmail.com

প্রধান শিক্ষক

পটুয়াখালী জেলা প্রশাসন স্কুল ও কলেজ  
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

বিতরণঃ

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ০৩। পরিচালক, ব্যানবেইস, ১ নং সোনারগাঁও রোড, (পলাশী, নীলক্ষেত), ঢাকা
- ০৪। জেলা প্রশাসক, পটুয়াখালী
- ০৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী
- ০৮। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী
- ০৯। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১০। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১১। অত্র বোর্ডের মাধ্যমিক নিবন্ধন বিভাগ
- ১২। সংরক্ষণ নথি

০৩/০৭/১৭